গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলীরোড, ঢাকা।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০০১.২২.৭১৪ তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮
০১ মার্চ ২০২২

বিষয়: **নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলাধীন আলীদেওনা রায়পুর নেছারিয়া আলিম মাদ্রাসার কর্মরত শিক্ষক জনাব মো: আ: গাফফার/MD. A. GAFFAR (ইনডেক্স নং-R2023870) এর প্রার্থীত পদবী সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) USEO, মহাদেবপুর, নওগাঁ এর স্মারক নং-৩৭.৪৩.৬৪৫০.০০০.১৫.২০.২০৯; তারিখ:১৪.১০.২১খ্রি.
(০২) তদন্ত কমিটির প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০২৪.২০-৫৯৬; তারিখ: ২৪.০২.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলাধীন আলীদেওনা রায়পুর নেছারিয়া আলিম মাদ্রাসার কর্মরত শিক্ষক জনাব মো: আ: গাফফার (ইনডেক্স নং-R2023870) এর এমপিও শীটে পদবী সংযোজনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহাদেবপুর, নওগাঁ কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিস্পত্তির লক্ষ্যে জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন),-মাশিঅ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোস্থ ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: "প্রতিকার প্রার্থীর দাখিলকৃত আবেদন ও সরবরাহকৃত কাগজপত্র ও ডকুমেন্টস্ যাচাই ও পর্যালোচনাপূর্বক দেখা যায় বর্ণিত ব্যক্তির একাডেমিক সনদ, প্রার্থীত বিষয়ে নিবন্ধন সনদ, চাকুরীর বিজ্ঞপ্তি, প্রভাষক (পদার্থ বিজ্ঞান) পদে চাকুরীর আবেদন, নিয়োগ পরীক্ষার ফলাফল সীট, নিয়োগপত্র, যোগদানপত্র, এমপিওে আবেদন, শিক্ষক কর্মচারীর তালিকা এবং এমপিও কপিতে বিদ্যমান বেতন গ্রেড-০৯ যেটা প্রভাষকের স্কেল। ফলে নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলাধীন আলীদেওনা রাইপুর নেছারিয়া আলিম মাদ্রাসায় কর্মরত জনাব মো: আ: গফফার/MD. A. GAFFAR (ইনডেক্স নং-R2023870) এর এমপিও সীটে প্রার্থীত পদবী LEC সংযোজন করার জন্য সুপারিশ করা হলো" মর্মে জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন), জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শিটে পদবী LEC সংযোজনের জন্য আবেদন করেছেন এবং বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ পদবী LEC সংযোজনের সুপারিশ করেছেন। বিধায়নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলাধীন আলীদেওনা রায়পুর নেছারিয়া আলিম মাদ্রাসার কর্মরত শিক্ষক জনাব মো: আ: গাফফার/MD. A. GAFFAR (ইনডেক্স নং-R2023870) এর এমপিও শিটে পদবী LEC সংযোজন করা যেতে পারে।" (কপি সংযুক্ত)

০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহাদেবপুর, নওগাঁ এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: আ: গাফফার (ইনডেক্স নং- R2023870) এর তথ্য এবং প্রার্থীত পদবী নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | প্রভাষক (পদার্থ বিজ্ঞান) পদে যোগদানের তারিখ | এমপিও শীটে বিদ্যমান পদবী | প্রার্থীত পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: আ: গাফফার (ইনডেক্স নং-R2023870) আলীদেওনা রায়পুর নেছারিয়া আলিম মাদ্রাসা, মহাদেবপুর , নওগাঁ। | ২৪/১২/২০০৯ খ্রি. | পদবী উল্লেখ নেই | পদবী-LEC | এমপিও শীটে বিদ্যমান পদবী উল্লেখ নেই। আবেদনকারীর প্রার্থীত পদবী- LEC সংযোজন যোগ্য। |

০৪। এমতাবস্থায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহাদেবপুর, নওগাঁ এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: আ: গাফফার/MD. A. GAFFAR (ইনডেক্স নং-R2023870) এর পদবী-LEC সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।
৪। **প্রতিকার প্রার্থী** জনাব মো: আ: গাফফার **কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।**
সংযুক্তি: ১০ ফর্দ।

১-৩-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪১০৩০১৫৯
ফ্যাক্স: ৪১০৩০১২৫
ইমেইল: dgdmeb@gmail.com

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মেমিস,
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০০১.২২.৭১৪/১(৬)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮ / ০১ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২) উপ পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩) জেলা শিক্ষা কর্মকর্তা, নওগাঁ।
৪) সভাপতি/অধ্যক্ষ/প্রতিকার প্রার্থী জনাব মো: আ: গাফফার (ইনডেক্স নং- R2023870), আলীদেওনা রাইপুর নেছারিয়া আলিম মাদ্রাসা, মহাদেবপুর, নওগাঁ।
৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার , মহাদেবপুর, নওগাঁ।
৬) মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

১-৩-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)